বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

# প্রজ্ঞাপন

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/ ১৮ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

১৭.০০.০০০০.০৪৫.৪১.০০৩.২২-৫৩।-বাংলাদেশ নির্বাচন কমিশন স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬ এ প্রদত্ত ক্ষমতাবলে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১১ মে, ২০২৩ খ্রি. তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.২২.৩২৫ নং স্মারকমূলে জারিকৃত পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেওয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৪নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৫নং কলামে বর্ণিত ০৭ (সাত) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে ভোটগ্রহণের পূর্বের দুইদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ২৩ মে, ২০২৩ খ্রি. হতে ২৭ মে, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলো:

## "তফসিল"

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | নীলফামারী | কিশোরগঞ্জ | চাঁদখানা | জনাব মো: জাহিদ হাসান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নীলফামারী |
| ২. | সিরাজগঞ্জ | কাজিপুর | খাসরাজবাড়ী | জনাব মোহাম্মদ আযিযুর রহমান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ |
| ৩. | পিরোজপুর | নাজিরপুর | নাজিরপুর | জনাব মো: সাদিক আহমেদ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পিরোজপুর |
| ৪. | ভোলা | দৌলতখান | চরপাতা | জনাব মো: আলী হায়দার, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ভোলা |
| ৫. | পটুয়াখালী | মির্জাগঞ্জ | কাকড়াবুনিয়া | জনাব স্বপন কুমার দাস, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মির্জাগঞ্জ, পটুয়াখালী |
| ৬. | নেত্রকোণা | সদর | দক্ষিণ বিশিউড়া | জনাব মো: কামাল হোসেন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা |
| ৭. | কুমিল্লা | মেঘনা | চন্দনপুর | জনাব মুহাম্মদ ওমর ফারুক, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেওয়া হলে তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর E-mail address: ds_law@ecs.gov.bd এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন:

## "ছক"

জেলার নাম:...　　　　ইউনিয়ন পরিষদের নাম:...

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বর্ণিত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। উপরিউক্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। বর্ণিত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

১৮.০৫.২০২৩

(মোঃ আব্দুছ সালাম)
উপসচিব (আইন)
ফোন : ০২-৫৫০০৭৫৩৬
E-mail:ds_law@ecs.gov.bd

১৭.০০.০০০০.০৪৫.৪১.০০৩.২২-৫৩

তারিখ: ১৮ মে, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা
৪. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৫. জেলা ও দায়রা জজ, .......(সংশ্লিষ্ট)
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্ট গার্ড, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, .......(সংশ্লিষ্ট)
৮. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১০. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১১. উপমহাপুলিশ পরিদর্শক, .......(সংশ্লিষ্ট)
১২. জেলা প্রশাসক, .......(সংশ্লিষ্ট)
১৩. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, .......(সংশ্লিষ্ট)
১৪. পুলিশ সুপার, .......(সংশ্লিষ্ট)
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......(সংশ্লিষ্ট অঞ্চল)
১৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার, ...(সংশ্লিষ্ট)
১৮. উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস) তেঁজগাও, ঢাকা [**অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করত: মুদ্রিত গেজেটের ২০(বিশ) কপি সরকারি কাজে ব্যবহারের নিমিত্ত নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।**
১৯. জনাব/বেগম.........
২০. উপজেলা নির্বাহী অফিসার,......(সংশ্লিষ্ট)
২১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,......(সংশ্লিষ্ট)
২২. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-২)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. রিটার্নিং অফিসার,.......(সংশ্লিষ্ট)
২৭. উপজেলা নির্বাচন অফিসার, ...........(সংশ্লিষ্ট)
২৮. অফিসার ইনচার্জ,........................(সংশ্লিষ্ট)
২৯. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

18.05.2023

(মোছাঃ শাহীনুর আক্তার)
সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২-৫৫০০৭৬০৭